উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়
বিজ্ঞপ্তি

স্মারক নং–উবি–১৪/২০০৭/২০২৫-২৫৩৯১

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৭ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীর কাগজপত্র জমাদান প্রসঙ্গে।

২০২৭ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীর অনলাইনে ডাউনলোডকৃত ফরম, প্রবেশপত্র ও নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র ২১/১১/২০২৬ খ্রিষ্টাব্দ শনিবার বেলা ১২:৩০ টা – দুপুর ০২:০০ টার মধ্যে বিদ্যালয়ে জমা দিতে হবে।

উক্ত দিন (২১/১১/২০২৬ খ্রিষ্টাব্দ শনিবার) যেসকল কাগজপত্র জমা দিতে হবে (ক্রমানুসারে):

১।	প্রবেশপত্রের ফটোকপি - ২টি
২।	পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি - ১টি
৩।	শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি - ১টি
৪।	পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি - ১টি করে (মোট ২টি)
৫।	পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি - ১টি করে (মোট ২টি)
৬।	সরকারি বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর পিতা-মাতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি - ১টি
৭।	ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নলিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:
	(i) আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল/পানির বিল/টেলিফোন বিল/খাজনা/হোল্ডিং ট্যাক্স পরিশোধের সত্যায়িত কপি - ১টি
	(ii) আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও ভাড়া পরিশোধের রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি - ১টি
	(iii) আবেদনকারীর অভিভাবক যদি সরকারি বরাদ্দকৃত বাসায় বসবাস করেন, সেক্ষেত্রে নিজ নামে এলোটমেন্ট পেপারের সত্যায়িত কপি - ১টি
৮।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
৯।	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক ও কর্মকর্তার ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
১০।	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত সহোদরের ক্ষেত্রে আইডি কার্ডের ফটোকপি অথবা সেবা শিক্ষা লগ-ইন পোর্টালের তথ্য যুক্ত পেজের স্ক্রিনশট (শ্রেণিশিক্ষক কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
১১।	যমজ আবেদনকারীর ক্ষেত্রে পিতা ও মাতা উভয়ের স্বাক্ষরিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে।
১২।	শিক্ষা মন্ত্রণালয় কোটায় আবেদনকারীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা সংশ্লিষ্ট দপ্তরের উর্ধ্বতনের পক্ষ থেকে প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

বি:দ্রঃ উল্লিখিত কাগজপত্রের মধ্যে কোনো কাগজের ঘাটতি বা অসম্পূর্ণতা থাকলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। **ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য উদয়নের website (www.udayan.edu.bd) দেখার জন্য অনুরোধ করা হলো।**

১৭/১১/২০২৬

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়